রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ১৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ আষাঢ় ১৪২৫/০৪ জুলাই ২০১৮

নং ২৬.০০.০০০০.০৯০.০৬.০৭৪.১১-২২৩—ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫ অনুযায়ী বাণিজ্য মন্ত্রণালয়ের ০২ জুন ২০১৫ খ্রিঃ তারিখের ২৬.০০.০০০০.০৯০.০৬.০৭৪.১১-১৪৯ নম্বর প্রজ্ঞাপন দ্বারা গঠিত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদের ১০ (দশ) জন সরকার মনোনীত সদস্যের মেয়াদ ০১ ডিসেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে উত্তীর্ণ হওয়ায় সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ এই প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ২(দুই) বছর ৬ (ছয়) মাস মেয়াদের জন্য পুনর্গঠন করিল :

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা | চেয়ারম্যান |
| ২. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ৩. | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ৫. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (অঅধি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৬. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৭. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ৮. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (খাদ্য), খাদ্য বিভাগ, ঢাকা | সদস্য |
| ৯. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| ১০. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশা/অপা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা | সদস্য |



মূল্য ঃ টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১১. | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (লেঃ ড্রাঃ-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা | সদস্য |
| ১২. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৩. | এডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | সদস্য |
| ১৪. | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৫. | সভাপতি, ঔষধ শিল্প সমিতি, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৬. | সভাপতি, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৭. | সভাপতি, জাতীয় প্রেসক্লাব, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৮. | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| ১৯. | জনাব কাজী আকরাম উদ্দীন আহমদ, চেয়ারম্যান, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| ২০. | জনাব নাসির উদ্দিন ইউসুফ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| ২১. | জনাব শেখ কবীর হোসেন, বিশিষ্ট সমাজ কর্মী (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| ২২. | মিসেস প্রীতি চক্রবর্তী, পরিচালক, এফবিসিসিআই (সরকার কর্তৃক মনোনীত বাজার অর্থনীতিতে অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| ২৩. | মিসেস মনোয়ারা হাকিম আলী, প্রেসিডেন্ট, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সরকার কর্তৃক মনোনীত ব্যবসায় অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| ২৪. | জনাব সিদ্দিকুর রহমান, সভাপতি, বিজিএমইএ (সরকার কর্তৃক মনোনীত শিল্পে অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| ২৫. | জনাব আব্দুল মালেক মিয়া, সাবেক চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ (সরকার কর্তৃক মনোনীত জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন)। | সদস্য |
| ২৬. | ড. ইয়াসমীন আরা লেখা, প্রো-ভাইস চ্যান্সেলর, উত্তরা ইউনির্ভাসিটি (শিক্ষক প্রতিনিধি) | সদস্য |
| ২৭. | জনাব শুক্কুর মাহমুদ, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ (সরকার কর্তৃক মনোনীত শ্রমিক প্রতিনিধি) | সদস্য |
| ২৮. | আলহাজ্ব মোঃ মোতাহার হোসেন মোল্লা, সভাপতি, জাতীয় কৃষক লীগ (সরকার কর্তৃক মনোনীত কৃষক প্রতিনিধি) | সদস্য |
| ২৯. | মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা | সচিব |

০২। **পরিষদের কার্যাবলী :** পরিষদের কার্যাবলী হবে নিম্নরূপ, যথা :

ক. আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত নীতি প্রণয়ন এবং উহা বাস্তবায়নে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ও জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটিকে নির্দেশনা প্রদান;

খ. আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারের পূর্বানুমোদনক্রমে প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন;

গ. ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত যে কোন বিষয় বিবেচনা করা এবং মতামত প্রদান;

ঘ ভোক্তা অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান;

ঙ. ভোক্তা অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রম গ্রহণ;

চ. ভোক্তা অধিকার সংরক্ষণের সুফল ও ভোক্তার অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

ছ. ভোক্তা অধিকার সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনা;

জ. জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর মহাপরিচালক এবং জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ; এবং

ঝ. উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ।

০৩। পরিষদের করণীয় সংক্রান্ত অন্যান্য বিষয়াদি ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এ বর্ণিত বিধানাবলী দ্বারা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.এম. মাসুদুর রহমান**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd